

# স্কুল-ভিত্তিক শিশু পরিচর্যা প্রোগ্রামের জন্য দৈনিক স্ব-পরিদর্শন চেকলিস্ট

আপনার শিশু পরিচর্যা প্রোগ্রামের নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য কোডের অনুচ্ছেদ 43-এর সাথে অনুবর্তিতা রয়েছে কিনা তা নিশ্চিত করতে এই চেকলিস্টটি ব্যবহার করুন। নিয়মিতভাবে এই চেকলিস্টের প্রশ্নগুলি পর্যালোচনা করুন যাতে আপনি সেইগুলির সবকটিতে হ্যাঁ (হ) উত্তর দেওয়া নিশ্চিত করতে পারেন। আপনি যদি কোনো প্রশ্নের উত্তর না (ন) দেন, তাহলে অনুবর্তিতা-সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য হেলথ কোড দেখুন। এই চেকলিস্ট স্কুল-ভিত্তিক শিশু পরিচর্যা প্রোগ্রামগুলির জন্য বহু আবশ্যিকতাকে কভার করে, কিন্তু সবগুলিকে নয়। অনুচ্ছেদ 43-এ বর্ণিত সমস্ত প্রয়োজনীয়তার সম্পূর্ণ বিবরণের জন্য, [nyc.gov/health/healthcode](http://nyc.gov/health/healthcode)-এ যান।

	হ/ন		হ/ন
<b>কর্মী নিয়োগ এবং শিশুর তদারকি</b>		অন-সাইট কর্মীদের কি প্রয়োজনীয়, আপ-টু-ডেট ফৌজদারি বিচার এবং শিশু নির্যাতন-সম্পর্কিত ছাড়পত্র আছে? §43.13(c)	
		আপনার প্রোগ্রামে কি প্রয়োজনীয় কর্মী-শিশুর অনুপাত রয়েছে? §43.09(a), §43.09(b)	
		যোগ্য কর্মীদের কি সব সময়ে যোগ্য কর্মীরা কি সব সময়ে সব শিশুদের সম্পূর্ণভাবে দেখতে পান? §43.09(a), §43.09(b)	
		আপনার প্রোগ্রামে কি অন্তত এমন একজন কর্মী যিনি CPR এবং প্রাথমিক চিকিৎসায় প্রত্যয়িত, এবং অন্তত এমন একজন কর্মী যিনি আপৎকালীন অবস্থায় ওষুধ পরিচালনায় প্রশিক্ষিত উপস্থিত রয়েছেন? §43.07(b)(4)	
<b>নিরাপত্তা এবং স্বাস্থ্য</b>		আপনার কাছে কি আপ-টু-ডেট, বিস্তৃতভাবে লিখিত অন-সাইট নিরাপত্তা পরিকল্পনা আছে? §43.07(a)	
		অন-সাইট আপনার কাছে কি আপনার পরিচর্যায় থাকা সমস্ত শিশুর, টিকাদানের রেকর্ড এবং চিকিৎসা সংক্রান্ত পরীক্ষার নথি সহ প্রয়োজনীয় চিকিৎসা সংক্রান্ত রেকর্ড রয়েছে? §43.17(d)	
		আপনি কি আপনার পরিচর্যায় থাকা সমস্ত শিশুদের দৈনিক উপস্থিতির রেকর্ড রাখেন? §43.19(a)	
		আপনি কি আপনার পরিচর্যায় থাকা সমস্ত শিশুদের দৈনিক স্বাস্থ্য পরীক্ষা করেন? §43.19(b)	
		অসুস্থ শিশুদের আলাদা করার জন্য আপনার কাছে কি কোনও পর্যাপ্ত এলাকা আছে? §43.07(b)(4)	
		অন-সাইট আপনি কি আপৎকালীন এবং সাধারণ যোগাযোগের তথ্য সহ, একটি লিখিত আপৎকালীন স্থান-ত্যাগ করার পরিকল্পনা, রাখেন? §43.07(b)(8)	
<b>নিরাপত্তা এবং স্বাস্থ্য</b>		আপনার কাছে কি প্রত্যাহারযোগ্য ছুঁচ থাকা কমপক্ষে দুটি এপিনেফ্রাইন অটো-ইনজেক্টর রয়েছে যা শিশুদের থেকে দূরে সংরক্ষণ করা হয়েছে এবং যার মেয়াদ শেষ হয়ে যায়নি? §43.21(c)(1)	
		আপনার কাছে কি একটি সম্পূর্ণ প্রাথমিক চিকিৎসার কিট আছে যা অ্যাক্সেসযোগ্য কিন্তু শিশুদের নাগালের বাইরে রয়েছে? §43.21(d)	
		আপনি কি নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর দ্বারা অনুমোদিত একটি ফর্মে অসুস্থতা, দুর্ঘটনা, এপিনেফ্রিন পরিচালনা এবং আঘাত পাওয়ার কোনও ঘটনার লগ বজায় রাখেন? §43.21(e)	
		কর্মী এবং আপনার পরিচর্যায় থাকা শিশুরা কি শৌচালয় থেকে আসার পরে, ডায়াপার পরিবর্তন করার পরে, অসুস্থ কোনো শিশুর সংস্পর্শে আসার পরে, বাইরে খেলাধুলার পরে এবং খাবারে হাত দেওয়ার আগে তাদের হাত ভালভাবে ধুয়ে নেন? §43.20(a)	
<b>স্বাস্থ্যবিধি প্র্যাকটিস</b>		শিশু পরিচর্যার পরিষেবার এলাকায় প্রতিটি শৌচালয়ে এবং প্রতিটি সিলে কি স্পষ্টভাবে হাত ধোয়ার চিহ্ন লাগানো আছে? §43.20(b)	
		আপনি কি অভ্যন্তরীণ এবং বহিরঙ্গন উভয় ক্ষেত্রেই, সমস্ত শিশু পরিচর্যার পরিষেবার এলাকায় তামাক বা অন্যান্য পদার্থের ধূমপান নিষিদ্ধ করেন? §43.20(g)	
<b>বক্ষণাবেক্ষণ</b>		সমস্ত অভ্যন্তরীণ এবং বহিরঙ্গন এলাকা কি পরিষ্কার এবং ভালভাবে মেরামত করা রয়েছে? §43.01(g)(16)	
		সমস্ত আসবাবপত্র কি পরিষ্কার, ভাল মেরামত করা এবং সুরক্ষিত বা এমন ভাবে আটকানো রয়েছে যাতে উল্টিয়ে পড়ে যাওয়া রোধ করা যায়? §43.23(c)	
		হলওয়ে, সিঁড়ি এবং প্রস্থান করার জায়গাগুলি কি সব সময় বাধামুক্ত থাকে? §43.01(g)(7)	

	হ/ন		হ/ন
বক্ষণাবেক্ষণ		ফায়ার-এস্কেপ জানালা ছাড়া সব জানালায় কি অনুমোদিত উইন্ডো গার্ড লাগানো আছে? §43.24(b)	কেন্দ্রটি এবং এর সম্পত্তি কি বৈদ্যুতিক, রাসায়নিক, যান্ত্রিক এবং অন্যান্য বিপদ থেকে মুক্ত? §43.22(e)
		বহিরঙ্গনের খেলার সরঞ্জামগুলি কি ভালভাবে রক্ষণাবেক্ষণ করা এবং বিপদমুক্ত রয়েছে? §43.01(g)(16)	আপনার কাছে কি স্পষ্ট এবং জোরে অ্যালার্ম সহ কর্মক্ষম কার্বন মনোক্সাইড এবং স্মোক ডিটেক্টর আছে? §43.22(f)
		রেডিয়েটরগুলি কি পর্যাপ্ত সুরক্ষিত গার্ড দিয়ে সজ্জিত রয়েছে? §43.22(d)	সমস্ত পরিবেশিত খাবার কি নিরাপদে প্রস্তুত এবং সংরক্ষণ করা হয় (হেলথ কোডের ধারা 81 অনুযায়ী)? §43.01(g)(11)
		ডিটারজেন্ট এবং ব্লিচের মতো পরিষ্কার করার পণ্যগুলি কি শিশুদের জন্য অ্যাক্সেসযোগ্য নয় এমন জায়গায় সংরক্ষণ করা হয়? §43.01(g)(8)	দুধ কি 41 ডিগ্রি ফারেনহাইটের নিচে সংরক্ষণ করা হয় এবং মেয়াদ শেষ হওয়ার তারিখের আগেই ব্যবহার করে ফেলা হয়? §81.09(a)
অগ্নি সুরক্ষা		সমস্ত প্রস্থানের জায়গায় কি স্পষ্ট এবং দৃশ্যমানভাবে প্রস্থান চিহ্ন লাগানো আছে? §43.22(a)	শুকনো খাবার কি পোকামাকড়-রোধকারী এবং ইদুর-রোধকারী পাত্রে সংরক্ষণ করা হয়? §81.24(a)
		আপনার কাছে কি কর্মক্ষম, মেয়াদোত্তীর্ণ না হওয়া এবং নিরীক্ষণ করা অগ্নি নির্বাপক যন্ত্র আছে? §43.22(b)	খাবার তৈরিতে ব্যবহৃত পাত্র, থালা-বাসন এবং অন্যান্য উপকরণ কি ব্যবহারের পরে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয় বা ফেলে দেওয়া হয়? §81.29

